# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 17-01-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের সূচনার পাশাপাশি এক গুচ্ছ অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাজ্যের জন্য তিন হাজার ২৫০ কোটি টাকার বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস হয়েছে আজ।

২) রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে নির্মম বলে অভিহিত করে তাদের অবিলম্বে পশ্চিমবঙ্গ থেকে হঠানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী। এরাজ্যে অনুপ্রবেশই সব থেকে বড় সমস্যা বলে তিনি মন্তব্য করেন।

৩) জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চের উদ্বোধন হয়েছে আজ।

৪) এস আই আর চলাকালীন কোন বিধানসভা কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রের ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।

৫) টানা অশান্তির মধ্যেই আজ দুপুরের পর মুর্শিদাবাদের বেলডাঙার পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে। মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন তৃণমূল কংগ্রেস সরকার রাজ্যে বঙ্গভঙ্গের মতো পরিস্থিতি তৈরি করেছে বলে অভিযোগ বিজেপি-র।

ooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালদা টাউন স্টেশন থেকে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার - হাওড়া- গুয়াহাটি (কামাখ্যা) ট্রেনের যাত্রার সূচনা করেন।

একইসঙ্গে ভার্চুয়ালি গুয়াহাটি-হাওড়া বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। এর ফলে পূর্ব ও উত্তর পূর্ব ভারতের মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী হওয়ার পাশাপাশি পশ্চিমবঙ্গ ও আসামের যাত্রীরা সরাসরি উপকৃত হবেন।

এর আগে তিনি আজ মালদা টাউন স্টেশনে সাধারণ জনগণ ও স্কুল পড়ুয়াদের সঙ্গে মতবিনিময় করেন।

মালদায় এক অনুষ্ঠানে তিন হাজার ২৫০ কোটি টাকারও বেশি মূল্যের একগুচ্ছ রেল ও সড়ক পরিষেবা এবং পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী । তিনি বলেন, ভারত এখন ইউরোপ ও আমেরিকার থেকেও বেশি লোকোমোটিভ তৈরি করছে।

(বাইট – প্রধানমন্ত্রী)

শ্রী মোদী, ভার্চুয়ালি নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-এসএমভিটি বেঙ্গালুরু, আলিপুরদুয়ার-মুম্বই (পানভেল) অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রারও সূচনা করেন। দূরপাল্লার এই ট্রেনগুলি যাত্রীদের আরও সাশ্রয়ী এবং নির্ভরযোগ্য রেল পরিষেবা প্রদান করবে।

পাশাপাশি উন্নত এলএইচবি কোচের রাধিকাপুর-এসএমভিটি বেঙ্গালুরু এবং বালুরঘাট- এসএমভিটি বেঙ্গালুরু দূরপাল্লার ট্রেন পরিষেবারও সূচনা করেন তিনি।

প্রধানমন্ত্রী আজ এরাজ্যের চারটি গুরুত্বপূর্ন রেল প্রকল্পের শিলান্যাস করেন। বালুরঘাট-হিলির মধ্যে নতুন রেললাইন, নিউ জলপাইগুড়িতে আধুনিক ফ্রেইট রক্ষনাবেক্ষণ কেন্দ্র এবং জলপাইগুড়ি জেলায় বন্দে ভারত ট্রেনের রক্ষনাবেক্ষণ কেন্দ্রগুলির আধুনিকীকরণ, শিলিগুড়ি লোকো শেডের আধুনিকীকরণ ব্যবস্থারও সূচনা করেন তিনি।

নিউ কোচবিহার থেকে বামনহাট এবং বক্সিরহাট রেললাইনের বৈদ্যুতিকীরণ পরিষেবারও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

oooooooooooooooooooo

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে নির্মম বলে অভিহিত করে তাদের অবিলম্বে বাংলা থেকে হঠানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী। আজ মালদায় বেশ কয়েকটি ট্রেনের যাত্রার সূচনা এবং তিন হাজার কোটি টাকারও বেশি নতুন প্রকল্পের উদ্বোধন করে প্রধানমন্ত্রী এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন। শ্রী মোদী বলেন, এই রাজ্যে সব থেকে বড় সমস্যা হলো অনুপ্রবেশের। এই কারণে রাজ্যের কিছু অঞ্চলে জনবিন্যাস এবং ভাষাও বদলে যাচ্ছে। পশ্চিমবঙ্গ থেকে অনুপ্রবেশকারীদের অবিলম্বে বিতড়ন করা উচিত, কিন্তু তৃণমূল কংগ্রেস সরকারের কারণে সেটা হচ্ছে না বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

(বাইট – প্রধানমন্ত্রী/অনুপ্রবেশ)

অনুপ্রবেশের কারণে রাজ্যের তরুণদের কর্মসংস্থানের ব্যাঘাত ঘটছে। তিনি জানান, বিজেপি সরকার রাজ্যে এলেই, এই সমস্ত অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

প্রধানমন্ত্রী স্পষ্ট ভাষায় জানান, মতুয়া নমশুদ্র এবং প্রতিবেশী দেশ থেকে ধর্মীয় নীপিড়ণের কারণে যারা এদেশে আসছেন, তাদের ভয় পাওয়ার কোন কারণ নেই। সরকার CAA-এর মাধ্যমে তাদের পূর্ণ সুরক্ষা দিয়েছে। বিজেপি ক্ষমতায় এসে শরণার্থীদের উন্নয়ন আগে তরান্বিত হবে বলেও জানান তিনি।

রাজ্যের আইনশৃঙ্খলা বিশেষত মহিলা দের উপর নীপিড়নের কথা প্রসঙ্গে শ্রী মোদী এদিন বেলডাঙ্গায় মহিলা সাংবাদিককে নিপিড়নের কথাও উল্লেখ করেন। তিনি মালদার ইতিহাস উল্লেখ করে হিংসার রাজনীতি থেকে মুক্ত হয়ে বিজেপি সরকার গঠনের আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী তার ভাষণে বলেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের মানুষের জন্য নানা প্রকল্প চালু করলেও এরাজ্যে মমতা ব্যানার্জী সরকার সেগুলি রূপায়ণে বাধা দিচ্ছে।

(বাইট - প্রধানমন্ত্রী)

আয়ুষ্মান ভারত, পিএম সূর্যঘর বিজলি যোজনা, প্রতি বাড়িতে নলবাহিত জল – প্রভৃতি প্রকল্পের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, কোন প্রকল্পই এখানে রূপায়িত হয় না। তৃণমূল কংগ্রেস নেতারা সেই টাকা নিজেদের পকেটে ঢোকাচ্ছে। এই প্রসঙ্গে তিনি সাম্প্রতিক সিএজি-র রিপোর্ট উল্লেখ করে জানান, কিভাবে বন্যা ত্রাণে আসা টাকা লুঠ করা হয়েছে। প্রধানমন্ত্রী জানান, বিজেপি সরকার ক্ষমতায় এলে, টাকা তছরূপের এই ধরনের ঘটনা বন্ধ করা হবে। ২০১৪ সালে বিজেপি কেন্দ্রে ক্ষমতায় আসার পরই কিভাবে রাজ্যের কৃষকদের উন্নয়নে অর্থ বরাদ্দ করা হয়েছে, তার খতিয়ান এদিন তুলে ধরেন প্রধানমন্ত্রী। শ্রী মোদী বলেন, পশ্চিমবঙ্গের প্রতিবেশী রাজ্য ওড়িশা, বিহার, ত্রিপুরা ও আসামে বিজেপি সরকারকে মানুষ ক্ষমতা এসেছে কারণ তারা বুঝেছে এই দলটি-ই সুশাসন দিতে পারে।

মহারাষ্ট্রের বৃহন্নমুম্বাই পুরসভায় বিজেপি-র নেতৃত্বাধীন মহাযুতি-র বিপুল জয় এবং তিরুবনন্তপুরমে বিজেপি-র মেয়র পদ পাওয়ার প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, যুব সমাজ তাদের ওপর ভরসা রাখছে। এবছর বন্দেমাতরম স্তোত্রের দেড়শো বছর উল্লেখ করে তিনি বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের আদর্শে অনুপ্রাণিত হয়ে এগিয়ে যাওয়ার পরামর্শ দেন।

oooooooooooooooooooooooooo

আগামীকাল দুপুর তিনটে নাগাদ প্রধানমন্ত্রী হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

আগামীকালই কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। এছাড়াও বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন

রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়িতে কোলকাতা হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চের উদ্বোধন হয়েছে আজ। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ছাড়াও উপস্থিত ছিলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কলকাতা হাই কোর্টের বিশিষ্ট বিচারপতিরা।

সাংবাদিকদের কাছে কেন্দ্রীয় আইনমন্ত্রী জানান বিচার ব্যবস্থাকে আরও বেশি করে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ জলপাইগুড়িতে চালু হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সার্কিট বেঞ্চ চালু হওয়ায় বিচার পেতে আর কলকাতা যেতে হবে না-এতে উত্তরবঙ্গের মানুষের সময় ও খরচ দুটোই কমবে বলে জানান তিনি। তবে রাজ্যে আইন শৃঙ্খলার সামগ্রিক পরিস্থিতি নিয়েও প্রশ্ন তোলেন আইন মন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR পর্বে ফর্ম–সেভেন জমা ও যাচাই প্রক্রিয়া নিয়ে তৈরি হওয়া বিতর্কের মধ্যেই নির্বাচন কমিশন এবিষয়ে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশনের তরফে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো একটি চিঠিতে জানানো হয়েছে, চলতি বিশেষ নিবিড় সংশোধনী চলাকালীন কোনও বিধানসভা কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রের ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট কেন্দ্রের ভোটারই শুধু ফর্ম–৭ জমা দিতে পারবেন বলে স্পষ্ট করেছে কমিশন।

নির্বাচন কমিশনের ওই চিঠিতে বলা হয়েছে, ২০২৩ সালের জানুয়ারিতে প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী, ভোটার তালিকা থেকে কোনও নাম বাদ দেওয়ার ক্ষেত্রে ইআরও-কে ব্যক্তিগতভাবে যাচাই করতে হবে। একই ব্যক্তি যদি পাঁচটির বেশি নাম বাদ দেওয়ার আবেদন করেন, সেক্ষেত্রেও আলাদা করে

সরেজমিন যাচাই বাধ্যতামূলক। অর্থাৎ, গণহারে নাম বাদ দেওয়ার আবেদন এলে তার ক্ষেত্রে অতিরিক্ত সতর্কতার নির্দেশ দেওয়া হয়েছে। চিঠিতে আরও জানানো হয়েছে, কোনও রাজনৈতিক দলের বুথ লেভেল এজেন্ট বা বিএলএ-২ শুধুমাত্র নিজের বিধানসভা কেন্দ্রের ভোটারদের ক্ষেত্রেই ফর্ম–৭ জমা দিতে পারবেন। তবে কমিশনের আগের নির্দেশিকা অনুযায়ী, এক দিনে সর্বাধিক ১০টি আবেদন জমা দেওয়ার সীমা বজায় থাকবে। অন্য কোনও ব্যক্তির হয়ে আবেদন জমা দেওয়া হলে তা গ্রহণযোগ্য হবে না।

oooooooooooooooooooooooo

টানা দু দিন ধরে রেল, রাস্তা অবরোধ, অশান্তির পর মুর্শিদাবাদের বেলডাঙায় আজ পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে। লাগাতার পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগের মধ্যে আজ পরিস্থিতি সামলাতে এলাকায় নামানো হয় র‍্যাফ। এদিন দুপুরে বিক্ষোভকারীদের হটাতে লাঠিচার্জ শুরু করে পুলিশ। পাল্টা পুলিশকে লক্ষ্য করে ইট-পাথর ছোড়েন বিক্ষোভকারীরা। ইতিমধ্যেই ২২ জনকে আটক করা হয়েছে। বেলডাঙার পরিস্থিতি প্রসঙ্গে মুর্শিদাবাদের পুলিশ সুপার কুমার সানি রাজ বলেন, পুলিশ আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে অবরোধ তোলার চেষ্টা করলেও তা ব্যর্থ হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে বলপ্রয়োগ করতে হয়।

(বাইট – পুলিশ সুপার)

তবে বিক্ষোভকারীরা রেলের সিগন্যাল পোস্ট ভেঙে দেওয়ার কারণে ট্রেন পরিষেবা এখনও স্বাভাবিক হয়নি।

দুপুর সাড়ে ১২টা নাগাদ এলাকায় যান জেলার ভরতপুর কেন্দ্রের সাসপেন্ড হওয়া তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। তিনি অবরোধ তোলার আর্জি জানালে তাঁর সঙ্গে বিক্ষোভকারীদের বচসা শুরু হয়।

আগেই জানানো হয়েছে ঝাড়খণ্ডে কর্মরত মুর্শিদাবাদের এক পরিযায়ী শ্রমিককে খুনের অভিযোগ তুলে বিক্ষোভ শুরু হয়েছিল বেলডাঙায়। ১২ নম্বর

জাতীয় সড়ক এবং রেল অবরোধ করেছিলেন বিক্ষোভকারীরা। সাড়ে ৫ ঘণ্টা ধরে অবরোধ চলে। আক্রান্ত হন একটি বেসরকারি টিভি চ্যানেলের মহিলা সাংবাদিক ও ক্যামেরা ম্যান। আজও সকাল থেকে বেলডাঙায় নতুন করে উত্তেজনার সৃষ্টি হয়। বেলডাঙার বড়ুয়া মোড় অবরোধ করেন কয়েকশো মানুষ। অবরুদ্ধ হয়ে পড়ে ১২ নম্বর জাতীয় সড়ক। বিক্ষোভকারীরা বেলডাঙা স্টেশন লাগোয়া রেলগেটেও ভাঙচুর চালান। ভেঙে ফেলা হয় স্টেশনের কাছে থাকা রেলের সিগন্যাল। আজও আক্রান্ত হন সাংবাদিকেরা।

বেলডাঙায় অশান্তির প্রেক্ষিতে উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন। আইনশৃঙ্খলা রক্ষায় রাজ্য প্রশাসনকে আগে যত্নবান হতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের বেলডাঙার পরিস্থিতি নিয়ে রাজ্য সরকারের কড়া সমালোচনা করেছে বিজেপি। দলের জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বলেন, মমতা ব্যানার্জী যেরকম শাসন ব্যবস্থা জারি রেখেছেন, তাতে বর্তমানে বঙ্গভঙ্গের মতো পরিস্থিতি তৈরি হয়েছে। বেলডাঙা কিংবা বাংলা ভারতের বাইরে কিনা সেই প্রশ্ন তোলেন তিনি।

SIR এর মতো কর্মসুচি সারা ভারতে চললেও, মমতা ব্যানার্জী এবং রাজ্যের তৃণমূল সরকার সেগুলিকে রুখতে বদ্ধপরিকর।

০০০০০০০০০০০০০০০০০

উত্তুরে বাতাসের প্রভাবে রাজ্যে আগামী সাতদিন এখনকার মতোই শীত অনুভূত হবে। বাতাস প্রধানত শুষ্ক থাকবে। উত্তরবঙ্গে আগামী পাঁচ দিন ও দক্ষিণবঙ্গে আগামী তিন দিন সব জেলাতেই হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা। তবে উত্তরের দার্জিলিং ও কোচবিহারে কয়েকটি জায়গায় ঘন কুয়াশার জন্য দৃশ্যমানতা ৫০ থেকে ২০০ মিটার পর্যন্ত হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।।